



## দলীয় শৃঙ্খলাভঙ্গের অভিযোগে এনসিপি থেকে মাহিন সরকার বহিষ্কার



সংগৃহীত ছবি

দলীয় শৃঙ্খলাভঙ্গের অভিযোগে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) যুগ্ম সদস্যসচিব মাহিন সরকারকে বহিষ্কার করেছে দল। সোমবার রাতে এক বিজ্ঞপ্তিতে এই সিদ্ধান্ত জানানো হয়। জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) যুগ্ম সদস্যসচিব মাহিন সরকারকে গুরুতর শৃঙ্খলাভঙ্গের কারণে সংগঠন থেকে বহিষ্কার করা হয়েছে। সোমবার (১৮ আগস্ট) রাতে এনসিপির যুগ্ম সদস্যসচিব (দফতর) সালেহ উদ্দিন সিফাত স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, আহ্বায়ক মো. নাহিদ ইসলাম ও সদস্যসচিব আখতার হোসেনের নির্দেশে মাহিন সরকারকে দলের সকল পদ ও দায়িত্ব থেকে অব্যাহতি দিয়ে বহিষ্কার করা হলো। বিজ্ঞপ্তিতে আরও উল্লেখ করা হয়, বহিষ্কারাদেশ সঙ্গে সঙ্গে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বহাল থাকবে।

# LENS ASIA